

# এমআরপি অনলাইন নির্দেশিকা, স্পেন

www.passport.gov.bd এর প্রথম পৃষ্ঠার সবশেষে নীচের দিকের চেক বক্সটি চেক করে Continue to Online Enrolment বাটনে ক্লিক করতে হবে।

## PASSPORT APPLICATION STAGE-1

এখানে বামদিকের যে লেখা গুলোতে তারকা চিহ্ন (\*) রয়েছে সেই স্থান গুলো অপরিহার্য ভাবে পূরণ করতে হবে এবং বাকি গুলো ঐচ্ছিক হিসাবে পূরণ করতে হবে। প্রশ্নবোধক (?) চিহ্ন গুলো ক্লিক করলে এর উত্তর সরবরাহ করা হবে। নিম্নে প্রতি সেকশন কি ভাবে পূরণ করতে হবে তা যথাযথভাবে বর্ণনা করা হলোঃ

## Passport Application Information

**Applying in:** এখানে SPAIN নির্বাচন করতে হবে।

**Application Type:** এখানে NEW APPLICATION হবে।

**Passport Type :** এখানে ORDINARY হবে।

**Delivery Typeঃ** এখানে Regular হবে।

**Personal Information :** এই সেকশনে প্রার্থীর ব্যক্তিগত তথ্য যেমন নাম, জন্ম তারিখ, উচ্চতা ইত্যাদি তথ্য সরবরাহ করতে হবে।

**Name of applicant :** এখানে আপনার পুরো নাম সঠিক বানানে লিখুন। এখানে অক্ষর এবং হাইফেন (-) ছাড়া অন্য কোন বিশেষ চিহ্ন ব্যবহার করা যাবে না।

**First Part (Given Name).** এখানে আপনার পুরো নামের শেষ অংশ বাদ দিয়ে বাকী অংশগুলো প্রথম অংশ হিসাবে লিখবেন। যেমন ABU NASSER MD BADRUDDUZA এখানে ABU NASSER MD এই পর্যন্ত প্রথম অংশ যা Given Name হিসাবে গণ্য হবে।

**Second Part (Surname):** এখানে আপনার পুরো নামের শেষ অংশটি লিখতে হবে। যেমন ABU NASSER MD BADRUDDUZA নামের শেষ অংশ BADRUDDUZA হবে।

**Guardian:** এই সাব সেকশনে Guardian নামের চেক বক্স নির্বাচন করতে হবে যদি আপনার বয়স ১৫ বছরের নীচে হয়ে থাকে। লক্ষ্য করুন। Guardian চেকবক্স নির্বাচন করলে নীচের Father's Name, Father's Nationality, Father's Profession পরিবর্তিত হয়ে Guardian's Name, Guardian's Nationality, Guardian's Profession হবে এবং Mother's Name এর ডান পাশের চেকবক্স NA (Not Applicable) রূপান্তরিত হয়ে অনুজ্ঞা হবে যাতে পরিবর্তন করা না যায়। সেই সাথে Mother's Nationality –এর ডিফল্ট হিসাবে দেয়া BANGLADESHI লেখাটি অদৃশ্য হয়ে যাবে।

**Father's Name:** আপনি যদি ১৫ বছর বা তার অধিক বয়সের হয়ে থাকেন তাহলে আপনার পিতার পুরো নাম দিতে হবে।

**Father's Nationality:** এখানে BANGLADESHI হবে।

**Father Profession:** এখানে আপনার পিতার পেশা নির্বাচন করতে হবে। যদি লিস্টে নির্বাচিত পেশা না থাকে তবে OTHER'S নির্বাচিত করতে হবে। লক্ষ্য করুন OTHER'S নির্বাচিত থাকলে নীচে একটি টেক্সট বক্স সংযোজিত হবে যেখানে আপনার পিতার পেশা টাইপ করতে হবে।

**Mother's Name:** এখানে মাতার পুরো নাম লিখতে হবে। লক্ষ্য করুন Guardian চেক বক্স নির্বাচিত থাকলে Mother's Name এর টেক্সট বক্সে NA (Not Applicable) রূপান্তরিত হয়ে অনুজ্ঞা হবে, যাতে অপরিবর্তিত থাকে। সে সাথে Mother's Nationality-তে ডিফল্ট হিসাবে দেয়া BANGLADESHI লেখাটি অদৃশ্য হয়ে যাবে।

**Mothers Nationality :** এখানে BANGLADESHI হবে।

